দৈনিক জনকণ্ঠ

JUL 19 2002

৩৬ ২/



*নরসিংদী ঃ নিরক্ষরতা দূরীকরণে দীপ্যমান নরসিংদী'র হাল। সাইনবোর্ডটিও ভেঙ্গে গেছে* —জনকণ্ঠ

# অর্থাভাবে নরসিংদীতে সার্বিক সাক্ষরতা আন্দোলন ভেস্তে যেতে বসেছে

নিজস্ব সংবাদদাতা, নরসিংদী ॥ প্রয়োজনীয় অর্থ বরাদ্দের অভাবে নরসিংদী জেলার নিরক্ষরতা দূরীকরণে সার্বিক সাক্ষরতা আন্দোলন (টিএলএম) দীপ্যমান নরসিংদী কর্মসূচী ভেস্তে যেতে বসেছে।

বর্তমানে এ কর্মসূচী কাগজে-কলমে সীমাবদ্ধ। ফলে জেলার ৪টি উপজেলার ৫৬টি ইউনিয়নের ৩ লাখ ২২ হাজার ৩ শ' ২৪ জন নিরক্ষর মানুষ সাক্ষরজ্ঞান প্রদানে অনিশ্চিত হয়ে পড়েছে। বিগত সরকার নিজস্ব অর্থে নরসিংদী জেলাসহ দেশের কয়েকটি জেলায় এ কর্মসূচী চালু করে। এর মধ্যে নরসিংদী সদর উপজেলায় ১ লাখ ৪ হাজার ৮ শ' ৭৮ জন, মনোহরদী উপজেলায় ৬০ হাজার ৩ শ' ৭৩ জন, রায়পুরা উপজেলায় ১ লাখ ১৭ হাজার ৬৮ জন, বেলাব উপজেলায় ৪০ হাজার ২ শ' ৫ জনসহ মোট ৩ লাখ ২২ হাজার ৩ শ' ২৪ জন নিরক্ষরকে সাক্ষরদান কর্মসূচী বাস্তবায়নের জন্য ৮ কোটি ৮১ লাখ ৬০ হাজার ৮ শ' ১৯ টাকা বাজেট প্রণয়ন করা হয়। এর মধ্যে ২৫ লাখ ৭৫ হাজার টাকা বরাদ্দ পেয়ে প্রশিক্ষণসহ প্রস্তুতিমূলক কাজে ২৩ লাখ ৪৫ হাজার ৭ শ' ১৮ টাকা ব্যয় করা হয়। গত বছরের ২৮ অক্টোবর ১ কোটি টাকা বরাদ্দ পাওয়া যায়। এ টাকা দিয়ে মালামাল ক্রয় করা যাবে। কিন্তু কেন্দ্র চালু করাসহ ২ মাস চালানোর জন্য কমপক্ষে আরও ৩ কোটি টাকা প্রয়োজন। জেলা প্রশাসক নরসিংদী প্রয়োজনীয় অর্থ বরাদ্দ চেয়ে উর্ধতন কর্তৃপক্ষ বরাবরে চিঠি পাঠিয়েছেন। বরাদ্দ না পাওয়া পর্যন্ত মাঠ পর্যায়ে কাজে হাত দেয়া কোনভাবেই সম্ভব হচ্ছে না বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে।